

# যায়যায়দিন

তারিখ ... 1.8 MAY 2007 ...

পৃষ্ঠা ১২ কলাম ...

১০৭৭৮  
৬

## বিজ্ঞানে উৎকর্ষ সাধন করতে হলে ইংরেজি ভাষায় দক্ষতা বাড়াতে হবে

### যায়যায় রিপোর্ট

অপরোধ তদন্তে ডিএনএ (ডিঅক্সিরাইবোনিউক্লিয়ারিক এসিড) প্রযুক্তি শীর্ষক বক্তৃতামালায় বক্তারা বলেছেন, মাতৃভাষায় বিজ্ঞানের চর্চা যতটা বেশি হবে বিজ্ঞানের প্রসার ততটা বাড়বে। তবে বিজ্ঞানে উৎকর্ষ সাধন করতে হলে ইংরেজি ভাষায়ও দক্ষতা বাড়াতে হবে। গতকাল ঢাকা ইউনিভার্সিটির টিএসসি মিননায়তনে ঢাবি জীববিজ্ঞান অনুষদ এবং ডেইলি স্টার আয়োজিত প্রথম দিন

বক্তৃতামালায় বক্তারা এ কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাবি ডিসি প্রফেসর এস এম এ ফায়েজ এবং বিশেষ অতিথি ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম। অপরোধ তদন্তে ডিএনএ প্রযুক্তি শীর্ষক বক্তৃতামালা উপস্থাপন করেন ঢাবি প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের প্রফেসর এবং ঢাকা মেডিক্যাল কলেজের ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরির

বৃত্তান্ত

## বিজ্ঞানে উৎকর্ষ

(শেষ পৃষ্ঠার পর)

ন্যাশনাল টেকনিক্যাল অ্যাডভান্সড জ. শরীফ আখতারুজ্জামান। জীববিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর আনোয়ার হোসেনের সভাপতিত্বে উপস্থিত ছিলেন ঢাবির প্রোভিসি আফ ম ইউসুফ হারদার, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর হারুন অর রশীদ, সিআইটির ডিআইজি, আইসিডিডিআরবির গবেষক, আইনজীবী এবং মানবাধিকার সংহার নেতারা। ডিসি ফায়েজ বলেন, ডিএনএ পরীক্ষার মাধ্যমে কিভাবে অপরাধী শনাক্ত করা যায় তা অনেকেরই জ্ঞানে না। তিনি বলেন, ঢাকা ইউনিভার্সিটির শিক্ষকরা গবেষণার মাধ্যমে দেশ ও জাতিকে এগিয়ে নেয়ার চেষ্টা করে চলেছেন।

মাহফুজ আনাম বলেন, বিজ্ঞানের আবিষ্কারগুলো দ্রুত বাংলা ভাষায় অনুবাদ করা প্রয়োজন। আমাদের দেশে সামগ্রিকভাবে বিজ্ঞান চর্চা অবহেলিত। তিনি বিজ্ঞানকে আরো সহজ ও মজার বিষয় হিসেবে উপস্থাপন করার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

ড. শরীফুজ্জামান বলেন, ডিএনএ হলো একটি তন্তু বা সূতার মতো রাসায়নিক পদার্থ। মানুষের রক্ত, লালা, সিমেন, মূত্র, চুল, ডাকের অংশ, ঘড়ের টুকরো ইত্যাদি থেকে ডিএনএ সংগ্রহ করা হয়। তিনি বলেন, ডিএনএ টেস্টের মাধ্যমে খুন ও ধর্ষণের সঙ্গে জড়িতদের শনাক্ত করা, পিতৃত্ব নির্ণয়, ইমিগ্রেশন ডিসপিউট, সম্পত্তির উত্তরাধিকার নিষ্পত্তি, দুর্ঘটনা দুর্যোগে আক্রান্ত ব্যক্তিকে শনাক্ত করা সম্ভব। অপরোধ বিজ্ঞানে ও অপরোধমূলক বিচার ব্যবস্থায় ডিএনএ প্রযুক্তি বাংলাদেশে একটি যুগান্তকারী সংযোজন যা দেশের বিচার ব্যবস্থায় একটি নতুন যুগের উত্তরণ ঘটাবে বলে তিনি উল্লেখ করেন।